বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
প্লট # ই/৫-এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-১৪.৩২.০০০০.৪০০.০৭.০১০.২৪. ১৪৮ তারিখ ঃ ১২ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ এয়ার টিকেট (ট্রাভেল এজেন্ট) সরবরাহকারী প্রতিষ্ঠান তালিকাভুক্তিকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিগত ২২ অক্টোবর ২০২৪ তারিখে দৈনিক New Age এবং ২৩ অক্টোবর ২০২৪ তারিখে দৈনিক প্রথম আলো পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে বিগত ০৪ নভেম্বর ২০২৪ তারিখে "ঙ-ক্যাটাগরী"(এয়ার টিকেট/ট্রাভেল এজেন্ট)'তে কাজের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের দাখিলকৃত আবেদনসমূহের মধ্যে নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহের আবেদন কমিশনের তালিকাভুক্তিকরণ কমিটি কর্তৃক গৃহীত হয়েছে। এরই প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহকে বিটিআরসি'র কর্মকর্তা/কর্মচারীদের জন্য এয়ার টিকেট (ট্রাভেল এজেন্ট) সরবরাহের নিমিত্তে শর্তসাপেক্ষে তালিকাভুক্ত করা হলো ঃ-

| নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| ১. | এয়ার ট্রিপ ইন্টারন্যাশনাল লিঃ<br>সিটি হার্ট (৫ম তলা), ৬৭ নয়া পল্টন, ভিআইপি রোড, ঢাকা-১০০০। |
| ২. | বাটার ফ্লাই এয়ার ট্রাভেলস<br>২০৪ ১ম তলা, পর্বতা টাওয়ার, মিরপুর-১০, ঢাকা-১২১২। |
| ৩. | এম, এস, ট্রাভেলস্ এন্ড ট্যুরস লিঃ<br>৬/বি, ফায়েনাজ টাওয়ার (৬ষ্ঠ তলা), ৩৭/২ পুরানা পল্টন, ঢাকা-১০০০। |
| ৪. | স্কাই ট্রাভেলস<br>বাসা # ২৫ (৩য় তলা), মেইন এভিনিউ, ব্লক # এ, বসুন্ধরা, ভাটারা, ঢাকা-১২২৯। |
| ৫. | সোসাইটি এভিয়েশন<br>১৪ টিআইটি এভিনিউ রোড (২য় তলা), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। |
| ৬. | ওরাকল ট্রাভেলস লিমিটেড<br>রুপায়ন সেন্টার (৫ম তলা), ৭২ বীর উত্তম এ কে খন্দকার এভিনিউ, মহাখালী, ঢাকা-১২১২। |

**শর্তাবলী ঃ**

১। বর্ণিত প্রতিষ্ঠান সমূহকে ০১ জানুয়ারি ২০২৫ - ৩০ জুন ২০২৬ মেয়াদের জন্য তালিকাভুক্ত করা হলো এবং কমিশনের স্মারক নং-১০৭৫, তারিখ: ২০ আগষ্ট ২০২৩ খ্রিষ্টাব্দে জারিকৃত তালিকাভুক্তির আদেশে প্রতিষ্ঠানসমূহের অবশিষ্ট মেয়াদ এতদ্বারা বাতিল করা হলো।

২। কমিশনের চাহিদা অনুযায়ী সীমিত দরপত্র আহবান করা হলে তালিকাভুক্ত প্রতিষ্ঠান সমূহকে দ্রুত সময়ের মধ্যে তা নিশ্চিতকরণের জন্য তাদের ই-মেইল, ফ্যাক্স ও দায়িত্বশীল ব্যক্তির ফোন নম্বর প্রদান করতে হবে।

৩। টিকেটের জন্য কোটেশান পাঠানোর সময় প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে দ্বায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক তা স্বাক্ষরিত হতে হবে।

৪। কোটেশানে টিকেটের শ্রেনী/ বুকিং বৈধতা/ এয়ার লাইন্সের নাম/সেক্টর উল্লেখ করতে হবে এবং নন-রিফান্ডেবল টিকেট ইস্যু করা যাবে না।

৫। দাখিলকৃত কোটেশান অতিমূল্যায়িত/অস্বাভাবিক হলে এবং কোন প্রকার অনিয়ম, অসাধুতা, কারচুপি বা অসদাচারণ অবলম্বন করলে প্রতিষ্ঠানের বিরুদ্ধে দসরকারী নিয়ম এবং প্রচলিত আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং তালিকাভুক্তি বাতিল করা হবে।

৬। তালিকাভুক্ত প্রতিষ্ঠান সমূহ যদি কোন সরকারী প্রতিষ্ঠানে কালো তালিকাভুক্ত হয়েছে বলে জানা যায় তাহলে উক্ত প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে।

৭। কার্যাদেশ/নির্দেশনা অনুযায়ী টিকেট সরবরাহকরার পর বিল দাখিল করলে সরকারি বিধি মোতাবেক চেকের মাধ্যমে বিল পরিশোধের ব্যবস্থা করা হবে।

৮। সরকারী নিয়মমাফিক বিল হতে আয়কর/ভ্যাট কর্তন পূর্বক চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

৯। তালিকাভুক্তি সংক্রান্ত সরকারি বিধি-বিধান, সরকারি ক্রয়ের ক্ষেত্রে অন্যান্য সকল নীতিমালা এবং অত্র অফিস কর্তৃক প্রবর্তিত যে কোন নিয়ম ও সিদ্ধান্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মেনে চলতে বাধ্য থাকবে।

১০। কর্তৃপক্ষ যে কোন শর্ত পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন করতে পারবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল বা মেয়াদ হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।

(এম. এ. তালেব হোসেন)
পরিচালক (প্রশাসন), বিটিআরসি।
ফোনঃ ০২-২২২২১৭১১২
ইমেইল: diradmin@btrc.gov.bd

প্রতি

..............................................

..............................................

<u>অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)ঃ</u>

১। পরিচালক, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ, বিটিআরসি।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব/ ভাইস-চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তাগণ, বিটিআরসি (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩। ব্যক্তিগত কর্মকর্তা টু মহাপরিচালক (প্রশাসন), বিটিআরসি (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। অফিস কপি।